

নাম: মো: সাদিকুর রহমান

জন্ম তারিখ: ২৫ জানুয়ারি, ১৯৯৬

শহীদ হওয়ার তারিখ: ৫ আগস্ট, ২০২৪

ব্যক্তিগত তথ্য:

পেশা: অটোরিকশা ড্রাইভার,
শাহাদাতের স্থান : বানিয়াচং থানার সামনে

শহীদের জীবনী

১৯৯৬ সালের ২৫ জানুয়ারি হবিগঞ্জ জেলার বানিয়াচং থানাধীন মীর মহল্লা পূর্ব গ্রামে জন্মগ্রহণ করেন শহীদ মোহাম্মদ সাদিকুর রহমান। ছেলেবেলা থেকেই নামাজী ও আল্লাহর প্রতি অনুরক্ত বান্দা হিসেবেই তার বেড়ে উঠা। পাড়া প্রতিবেশী ও গ্রামের মানুষের কাছে একজন ভালো মানুষ হিসেবেই তিনি পরিচিত। গ্রামে বৃদ্ধ কৃষক বাবা ও ঢাকায় গার্মেন্টস শ্রমিক মায়ের পাশাপাশি পরিবারের হাল ধরতে তিনি নিজ গ্রামে ব্যাটারি চালিত অটোরিকশা চালাতে শুরু করেন। শাহাদাতের দিনও তিনি সারা সকাল অটোরিকশা চালান। ছাত্রজনতার গন অভ্যুত্থানের মুখে টিকতে না পেরে ৫ আগস্ট ফ্যাসিস্ট হাসিনা ভারতে পালিয়ে গেলে ছাত্র জনতা বিজয় মিছিল বের করে। সাদিকুর রহমান ও এতে অংশ নেন। বিজয় মিছিল বানিয়াচং থানা অতিক্রমকালে ছাত্র জনতার উপর অতর্কিত গুলিবর্ষণ করে পুলিশ ও আওয়ামী গুন্ডারা। পুলিশ ও আওয়ামীলীগের ছোড়া গুলিতে আঘাত প্রাপ্ত হয়ে শহীদ হন সাদিকুর রহমান।

শাহাদাতের ঘটনা

২০১৮ সালে বাতিল হওয়া সরকারি চাকরিতে বৈষম্যমূলক কোটা প্রথা ফের ২০২৪ সালের জুন মাসে হাইকোর্ট কর্তৃক পুনর্বহাল হলে আপামর ছাত্রজনতা বিক্ষোভে ফেটে পড়ে। তাদের ঘোষিত শান্তিপূর্ণ বিক্ষোভ কর্মসূচিতে বাধা দেয় পুলিশ, আওয়ামী লীগ তার সহযোগী সংগঠনসমূহ। প্রথমদিকে নিরাপত্তা বাহিনী সমূহ নিরস্ত্র বিক্ষোভকারীদের দমাতে টায়ারশেল, রাবার বুলেট ও সাউন্ড শ্রেণেড ব্যবহার করলেও পরবর্তীতে শটগান, স্নাইপারসহ আরও বিভিন্ন মরনাত্মক ব্যবহার শুরু করে। হেলিকপ্টার ব্যবহার করেও নিরস্ত্র জনতার উপরহত্যাযজ্ঞ চালায় ফ্যাসিস্ট সরকার ও তার সহযোগিরা। বাড়তে থাকে লাশের সারি। অবশেষে ৫ আগস্ট ২০২৪ তারিখে বিক্ষুব্ধ ছাত্রজনতার গণবিক্ষেপণ ও হাজারো শহীদের রক্তশ্রোতে ভেসে যায় জালালি হাসিনার মসনদ। ভারতে পালিয়ে যেতে বাধ্য হয় খুনি হাসিনা। দেশজুড়ে আরম্ভ হয় আনন্দ মিছিল, সেই মিছিলে যোগ দেন শহীদ সাদিকুর রহমানও। জনতার আনন্দ মিছিল বানিয়াচং থানা অতিক্রম কালে অতর্কিত হামলা চালায় সদ্য পরাজিত ফ্যাসিস্টের প্রেতাত্মা পুলিশ ও হাসিনার পরিত্যক্ত আওয়ামী গুন্ডা বাহিনী। মুহূর্তে গুলিবর্ষণ করে হামলাকারীরা। পুলিশের এস আই সন্তোষ কুমারের ছোড়া বুলেট সরাসরি আঘাত করে সাদিকুর রহমানের গলায়, গলগল করে বের হতে থাকে তাজা রক্ত। হাত দিয়ে গলা চেপে ধরে দৌড়াতে থাকেন তিনি। কিন্তু পর মুহূর্তেই পিঠের মেরুদণ্ডে আঘাত হানে ঘাতকের দ্বিতীয় বুলেট। থমকে যান সাদিকুর, লুটিয়ে পড়েন রাজপথে। আর উঠে দাঁড়াতে পারেননি তিনি। অতিরিক্ত রক্তক্ষরণে ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন। পান করেন শাহাদাতের অমিয় সুধা। পেছনে রেখে যান স্ত্রী, দুই শিশু সন্তানসহ দেশব্যাপী অসংখ্য গুনগ্রাহী।

পরিবারের অর্থনৈতিক অবস্থার বিবরণ

শহীদ সাদিকুর রহমান একজন অটো চালক ছিলেন। তিনি ৮৪,০০০ টাকা ঋণ নিয়ে একটি অটো রিকশা ক্রয় করেছিলেন। তার কোন ফসলি জমি-জমা নেই। তাঁর এই অটোর আয় দিয়ে স্ত্রী সন্তান ও বৃদ্ধ বাবাকে নিয়ে থাকতেন। সাদিকুর রহমান মৃত্যু বরণ করার পরে অটোটি বিক্রয় করে অটোর কিস্তি পরিশোধ করা হয়েছে। বর্তমানে তার পরিবারের পাশে দাঁড়ানোর মত কেউ নেই। ছোট ছোট দুটি সন্তান নিয়ে তার স্ত্রী খুবই অসহায়। দু'এক বেলা খেয়ে, না খেয়ে তাঁর স্ত্রী সন্তানরা দিনাতিপাত করছেন।

শহীদ সম্পর্কে নিকটাত্মীয়ের অনুভূতি

সাদিকুর রহমানর চাচতো ভাই, "মো: হুমায়ন বলেন": সাদিকুর রহমানে অত্যন্ত ভাল মানুষ ছিলেন। তিনি ৫ ওয়াক্ত নামাজ আদায় করতো। তিনি পাড়া-প্রতিবেশীর সাথে ভাল ব্যবহার করতেন। তিনি গ্রামের মানুষের কাছে একজন ভাল মানুষ হিসেবে পরিচিত ছিলেন। তিনি মিশুক একজন মানুষ ছিলেন। তিনি বিড়ি সিগারেট/ধূমপান করতেন না। তিনি কারো আমানতের খেয়ানত করতেন না। তার ভাইয়েরা তাকে ঠকাতো, কিন্তু তিনি কোন প্রতিবাদ করতেন না। বাজে মানুষের সাথে টঙয়ে কোনো আড্ডা দিতেন না। স্ত্রী- সন্তান ও বৃদ্ধ বাবাকে নিয়েই সবসময় তার চিন্তা ছিল।

প্রস্তাবনা

১ : শহীদ পরিবারের বাসস্থান প্রয়োজন

২ : গরু ছাগল হাঁস-মুরগি কিনে দিলে তার স্ত্রী মোটামুটি সংসার চালাতে পারবে

৩ : শহীদের দুটি নাবালক সন্তান রয়েছে। তাদের দায়িত্ব নিতে পারলে ভালো হয়

একনজরে শহীদ পরিচিতি

নাম : মো: সাদিকুর রহমান

জন্ম তারিখ : ২৫-০১-১৯৯৬

পিতা : মোহাম্মদ ধলাই মিয়া

মাতা : সাজেদা বেগম

স্থায়ী ঠিকানা : গ্রাম: মীর মহল্লা পূর্বপাড়া, ইউনিয়ন: ১নং বানিয়াচং, থানা: বানিয়াচং, জেলা: হবিগঞ্জ

সন্তান : এক ছেলে এক মেয়ে

: হাবিবুর রহমান (৩.৫ বছর, ছেলে)

: তাকিয়া তাবাক্কুম (১.৫ বছর, মেয়ে)

পেশা : অটোরিকশা ড্রাইভার

ঘটনার স্থান : বানিয়াচং থানার সামনে

শাহাদাতের সময়কাল : ০৫-০৮-২০২৪ বিকাল ৩টা

আঘাতের ধরন : গলায় ও পিঠে গুলি

আক্রমণকারী : পুলিশ (পুলিশের এস আই সন্তোষ কুমার, আওয়ামীলীগ)

শহীদের কবরের অবস্থান : মীর মহল্লা পূর্বপাড়া কবরস্থান